

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪০২

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬) জামাআতে নামায আদায় করার প্রতি উদ্বুদ্ধ করন এবং ঐ ব্যক্তির বর্ণনা যে জামাআতে নামায পড়ার উদ্দেশ্যে বের হয়েছে কিন্তু গিয়ে দেখলো, লোকেরা নামায পড়ে ফেলেছে

الترغيب في صلاة الجماعة وما جاء فيمن خرج يريد الجماعة فوجد الناس قد صلوا

আরবী

(صحيح) وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قال رَسُولُ اللهِ _ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ _ : ((صَلاةُ الرَّجُلِ في جَمَاعةٍ تُضعَقَّفُ عَلَى صَلاتِهِ فِي بَيْتهِ وفي سُوقِهِ خَمْساً وَعِشْرِينَ ضِعْفَا ، وَذَلِكَ أَنَّهُ إِذَا تَوَضَّا فَأَحْسَنَ الوُضُوءَ ، ثُمَّ خَرَجَ إلى المَسْجِدِ ، لا يُخرِجُهُ إلاَّ الصَّلاةُ ، لَمْ يَخْطُ خَطْوَةً إلاَّ رُفِعَتْ لَهُ بِهَا دَرَجَةٌ ، وَحُطَّتْ عَنهُ بِهَا خَطِيئةٌ ، فَخرِجُهُ إلاَّ الصَّلاةُ ، لَمْ يَخْطُ خَطْوةً إلاَّ رُفِعَتْ لَهُ بِهَا دَرَجَةٌ ، وَحُطَّتْ عَنهُ بِهَا خَطِيئةٌ ، فَإِذَا صَلَّى لَمْ تَزَلِ المَلائِكَةُ تُصلِّي عَلَيْهِ مَا دَامَ في مُصلاًهُ ، مَا لَمْ يُحْدِث ، تقولُ : اللَّهُمَّ وَلاَ يَزَالُ في صَلاةٍ مَا انْتَظَرَ الصَّلاَةَ)). (رواه البخاري صلل عَليهِ ، اللَّهُمَّ ارْحَمْهُ ، وَلاَ يَزَالُ في صَلاةٍ مَا انْتَظَرَ الصَّلاَةَ)). (رواه البخاري واللفظ له ومسلم وأبو داود والترمذي وابن ماجه)

বাংলা

৪০২. (সহীহ্) হযরত আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "কোন ব্যক্তির একাকি নিজ গৃহে অথবা বাজারে নামায পড়ার চেয়ে জামাআতে নামায পড়া ২৫ গুণ বেশী ছোয়াবের। আর তা হচ্ছে এই কারণে যখন সে ওযু করে এবং ওযুকে পরিপূর্ণরূপে সম্পন্ন করে অতঃপর মসজিদের উদ্দেশ্যে বের হয়। তার বের হওয়া শুধু এই কারণে যে সে নামায আদায় করবে, তাহলে সে যখনই একটি পা ফেলবে তখনই তার জন্যে একটি মর্যাদা উন্নীত করা হবে এবং তার একটি গুনাহ মোচন করা হবে। যতক্ষণ সে নামায আদায় করবে এবং মুছাল্লায় বা মসজিদে থাকবে ততক্ষণ পর্যন্ত ফেরেশতারা তার জন্যে দু'আ করতে থাকবে, হে আল্লাহ তার প্রতি রহম কর, তার প্রতি করুণা কর। আর যতক্ষন পর্যন্ত সে নামাযের অপেক্ষা করবে ততক্ষণ সে নামায অবস্থাতেই থাকবে।"

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৬৪৭, মুসলিম ৬৪৯, আবু দাউদ ৫৫৯, তিরমিয়ী ৬০৩, ইবনে মাজাহ ৭৭৪, হাদীছের বাক্য বুখারী থেকে নেয়া)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন